**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/১৭ (অংশ-২)- ৮৭১০. জে, তারিখ: ১৮ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ / ০৩ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: ফেনীর চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে কর্মরত ''জুডিসিয়াল পেশকার'' জনাব মোঃ এমরান হোসেন-এর হার্টের ব্লকজনিত চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।**

সূত্র: জেলা জজের কার্যালয়, ফেনী এর গত ০৫.০৯.২০২৩ খ্রিস্টাব্দের জে.জ.ফেনী-২০২৩-৪৯ প্র: নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, তিনি ফেনীর চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে ''জুডিসিয়াল পেশকার'' হিসেবে কর্মরত রয়েছেন। তার চাকুরীর বয়স ১২ বছর চলমান। গত ২১.১২.২০১৫ খ্রিঃ তারিখে তার হার্ট ব্লকের কারণে একটি রিং ও দুটি বেলুন হার্টে স্থাপন করা হয়। ফলে তিনি প্রায় ০৮ বছর যাবত চিকিৎসাধীন থেকে সুস্থভাবে চলাফেরা ও স্বাভাবিক কাজকর্ম করতে সক্ষম ছিলেন। কিন্তু গত ১৬.০৮.২০২৩ খ্রিঃ তারিখ শারীরিক অসুস্থতা বোধ করলে তিনি নিয়মিত ডাক্তারের নিকট যান। ডাক্তার পরীক্ষা নিরীক্ষার পর তার হার্টে তিনটি ব্লক রয়েছে মর্মে জানিয়েছেন। তার মধ্যে পূর্বে রিং বসানোটি ১০০% অকেজো বাকী দুইটি ৯০%/৯৫%অকেজো। তার সুস্থতার জন্য দ্রুত হার্টের চিকিৎসা করা প্রয়োজন। কিন্তু তার আর্থিক সচ্ছলতা না থাকায় এ ব্যয়বহুল চিকিৎসা করা তার পক্ষে প্রায় অসম্ভব। অতঃপর তার দ্রুত হার্টের ব্লকজনিত চিকিৎসা করার জন্য তিনি বিচার বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারী এবং বাংলাদেশের সকল বিচার বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীর নিকট আর্থিক সাহায্য প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করেছেন।

০২। এমতাবস্থায়, ফেনীর চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে কর্মরত ''জুডিসিয়াল পেশকার'' জনাব মোঃ এমরান হোসেন-এর হার্টের ব্লকজনিত চিকিৎসার ব্যয় নির্বাহে আর্থিক সাহায্যের আবেদনটি বাংলাদেশের প্রতিটি অধস্তন আদালতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত আপনাকে অনুরোধ করা হলো। একই সাথে আপনার অধীনস্থ একজন কর্মকর্তা-কে এতদ্‌উদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) ফর্দ।

সাহায্য পাঠানোর ঠিকানা:
জনাব মোঃ এমরান হোসেন
সোনালী ব্যাংক লিমিটেড, ফেনী প্রধান শাখা
ফেনী সদর, ফেনী
সঞ্চয়ী হিসাব নং- ৪০০৪৮০১০৩৪৭২৩
নগদ নং-০১৭৩৬-৫১৫৯০৯ (পারসোনাল)

স্বা:/-
(এসকে.এম. তোফায়েল হাসান)
রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২২২৩৩৫৮৭৮০
ই-মেইল:registrar.judicial@supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/১৭ (অংশ-২)- ৮৭১০. জে, তারিখ: ১৮ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ / ০৩ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------------ ----------- (সকল)।
৩। মহানগর দায়রা জজ, ----------------------------------------------------------------- (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ------------------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, --------------------------- (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------- ------------ (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,--------- -------------------- --------- (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, -------------------- --------- (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,------------------------------------------ (সকল)।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ------------------------------------------------ (সকল)।
১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ------------------------------------(সকল)।
১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ....................... (সকল)।
১৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ....................................................... (সকল)।
১৬। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,.................... (সকল)।
১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের


dextop/Help application

১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২১। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২২। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
২৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,----------------------------------------------------------(সকল)।
৩৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,------------------------------------------------------(সকল)।
৩৯। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল........(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪২। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৪। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৫। মাননীয় রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৭। অফিস কপি।

০২.১০.২৩

(মোঃ ওমর হায়দার)
সহকারী রেজিস্ট্রার (বিচার) (ভাঃ)
ফোন: ০২২২৩৩৮১৯৩২

রেজিস্ট্রার জেনারেল এর কার্যালয়
নং- ১২৫৪৩ তারিখঃ- 12 SEP 2023
সহকারী রেজিস্ট্রার বিচার | রেজিস্ট্রার জেনারেল এর অনুস্বাক্ষর | অতি জরুরী/জরুরী/প্রয়োজনীয় ব্যবস্থা নিন/উপস্থাপন করুন/ সংশ্লিষ্ট নথিতে দিন/সকল কর্মকর্তা-কর্মচারীকে অবহিত করুন/ কথা বলুন।

H.
R Rahman
12 SEP 2023

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজ এর কার্যালয়
প্রশাসনিক বিভাগ, ফেনী।

স্মারক নং-জে.জ.ফেনী-২০২৩- ৪৯ -প্র: তারিখঃ ০৫.০৯.২০২৩খ্রি.

প্রেরকঃ আবু সালেহ মোহাম্মদ রুহুল ইমরান
সিনিয়র জেলা ও দায়রা জজ, ফেনী।

প্রাপক ঃ মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

**বিষয় ঃ- এই জজশীপের চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে কর্মরত জুডিসিয়াল পেশকার জনাব মোঃ এমরান হোসেন এর চিকিৎসা সংক্রান্ত অনুদানের আবেদন অগ্রবর্তীকরণ সংক্রান্ত।**

সূত্র : তার কার্যালয়ের স্মারক নং-১৯৯, তাং-২২.০৮.২০২৩খ্রি.

মহোদয়,

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নিবেদন এই যে, এই জজশীপের চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে কর্মরত জুডিসিয়াল পেশকার জনাব মোঃ এমরান হোসেন তার হৃদরোগের চিকিৎসা সংক্রান্ত ব্যায় নির্বাহের জন্য অনুদানের প্রার্থনা করেন।

এমতাবস্থায়, তার স্ব-ব্যাখ্যাত আবেদন খানা মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে অগ্রবর্তী করা হলো।

আপনার অনুগত

সংযুক্তঃ আবেদন পত্র-১ সেট।

(আবু সালেহ মোহাম্মদ রুহুল ইমরান)
সিনিয়র জেলা ও দায়রা জজ,
ফেনী।

23

মাননীয়,
রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট , ঢাকা।

মাধ্যমঃ মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ
ফেনী।

মাধ্যমঃ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ফেনী।

বিষয়ঃ চিকিৎসার জন্য আর্থিক সহযোগীতার প্রার্থনা।

মহোদয়,

যথাবিহীত সম্মান প্রদর্শনপূর্বক সবিনয় নিবেদন এই যে, আমি চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে জুডিসিয়াল পেশকার হিসেবে কর্মরত আছি। আমার চাকুরী বয়স ১২ বছর চলমান। বিগত ২১.১২.২০১৫ খ্রি. সনে আমার হার্ট ব্লকের কারণে একটি রিং ও দুটি বেলুন হার্টে স্থাপন করা হয়। ফলে আমি প্রায় ০৮ বৎসর যাবত চিকিৎসাধীন থেকে সুস্থভাবে চলাফেরা ও স্বাভাবিক কাজকর্ম করতে সক্ষম ছিলাম। কিন্তু গত ১৬.০৮.২০২৩ খ্রি. তারিখ শারীরিক অসুস্থতা বোধ করলে আমি নিয়মিত ডাক্তারের নিকট যাই। ডাক্তার পরীক্ষা নিরীক্ষার পর আমার হার্টে তিনটি ব্লক আছে মর্মে জানায়। তার মধ্যে পূর্বে রিং বসানোটি ১০০% অকেজো বাকী দুইটি ৯০%/৯৫% অকেজো। এমতাবস্থায়, আমার সুস্থতার জন্য দ্রুত হার্টের চিকিৎসা করা প্রয়োজন। কিন্তু আমার আর্থিক সচ্ছলতা না থাকায় এই ব্যয়বহুল চিকিৎসা করা আমার পক্ষে প্রায় অসম্ভব।

অতএব, বিনীত প্রার্থনা এই যে, উপর্যুক্ত অবস্থার আলোকে আমার শারীরিক চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে মহোদয়ের সদয় মর্জি হয়।

আপনার একান্ত অনুগত

তারিখঃ ১৬/০৮/২০২৩ খ্রি.

২২/০৮/২০২৩
(মোঃ এমরান হোসেন)
জুডিসিয়াল পেশকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত,
ফেনী।